গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

**২৯ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত মৎস্য অধিদপ্তরের শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২১-২২ অর্থবছরের ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

সভাপতি : **কাজী শামস আফরোজ**
মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

তারিখ ও সময় : ২৯ ডিসেম্বর, ২০২১ খ্রি.; সকাল ১০.০০ ঘটিকা।

স্থান : মৎস্য অধিদপ্তরের সম্মেলন কক্ষ (২য় তলা)।

উপস্থিতির তালিকা: **পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাকাজ শুরু করেন। আলোচ্য বিষয়ে সভাপতি বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ নৈতিকতা কমিটির সভায় অনুমোদিত হতে হবে বিধায় প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১টি করে নৈতিকতা কমিটির সভা আহ্বান করতে হবে। সে আলোকে মৎস্য অধিদপ্তরের শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২১-২২ সালের ২য় ত্রৈমাসিক সভা আয়োজন করা হয়েছে। সভাপতি সভার বিষয়বস্তু ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য মৎস্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক ও জাতীয় শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট খঃ মাহবুবুল হক কে আহবান জানান।

২.০ আলোচনা

২.১ সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় প্রতি কোয়ার্টারের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং প্রতি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে অন্যথায় কর্মপরিকল্পনা সার্বিক মূল্যায়নে পূর্ণ নম্বর পাওয়া যাবে না। ইতোমধ্যে ২য় কোয়ার্টারে নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো ২০২১-২২ অর্থবছরের ২য় প্রান্তিকের ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০২১ খ্রি.) প্রতিবেদন সভায় অনুমোদন করা হয়। এছাড়াও ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন অগ্রগতি ১ম প্রান্তিকের (জুলাই ২০২১-২০২১ খ্রি.) বাস্তবায়ন প্রতিবেদন নৈতিকতা কমিটির সভাপতি এবং অধিদপ্তরের মহাপরিচালকের অনুমোদনক্রমে বিগত ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রি. তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

২.২ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এ অন্তর্ভুক্ত ৩ নং ক্রমিকের শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় [৩.৩] গণশুনানী কার্যক্রমটি বিগত ২৮ ডিসেম্বর, ২০২১ খ্রি. তারিখ বিকাল ৩.৩০ ঘটিকায় মৎস্য ভবন, ঢাকায় সরাসরি ও জুম প্লাটফর্মের মাধ্যমে আয়োজন করা হয়। গণশুনানিতে মৎস্য অধিদপ্তরের সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তা, মৎস্যচাষি, মৎস্যজীবী এবং অন্যান্য স্টেকহোল্ডারসহ মোট ২১৬ জন সরাসরি ও ভার্চুয়াল মাধ্যমে স্বতস্ফুর্তভাবে যুক্ত হন।

২.৩ এছাড়া মৎস্য অধিদপ্তরের ই-নথি ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা করা হয়। তিনি সভাকে জানান যে, করোনাভাইরাসের মত যেকোনো পরিস্থিতিতে সরকারি কার্যক্রম চালু রাখার লক্ষ্যে সকল দাফতারিক কাজ স্বাভাবিকভাবে শেষ করার জন্য ইলেক্ট্রনিক প্ল্যাটফর্ম যেমন: ই-নথির ব্যবহার জরুরি। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতেও ই-নথি ব্যবহারের বাধ্যবাধকতা রয়েছে। এছাড়া ই-নথি ব্যবহারের ফলে কর্মক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা আনয়ন সম্ভব। মৎস্য অধিদপ্তরের সদর দপ্তরের সকল শাখাসহ আওতাধীন দফতরসমূহে এর ব্যবহার ত্বরান্বিত করা আবশ্যক এবং এ বিষয়ে সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের দপ্তর প্রধানসহ সদর দপ্তরের শাখা প্রধানদের নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থিত সদস্যদের আহবান জানান।

৩.০ সিদ্ধান্তঃ

বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

৩.১ মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ এর জাতীয় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো ২০২১-২২ অর্থবছরের ২য় প্রান্তিকের ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০২১ খ্রি.) প্রতিবেদন আগামী ১৬ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ এবংঅধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ; এবং

৩.২ মৎস্য অধিদপ্তরের সদর দপ্তরের সকল শাখাসহ মাঠ পর্যায়ের অফিসসমূহে ই-নথির ব্যবহার ত্বরান্বিত করতে হবে। এ বিষয়ে উপপ্রধান (আইসিটি)-কে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৯/১২/২১.

(কাজী শামস আফরোজ)
মহাপরিচালক
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটি
ফোনঃ ০২-২২৩৩৮২৮৬১
ইমেইল: dg@fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.১০৬.০৬.০০৩.২১- ৬৭৯/১ (৫)

তারিখঃ ২৯-১২-২০২১ খ্রি.

সদয় অবগতির ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ/ মৎস্য পরিকল্পনা ও জরিপ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২. উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৩. উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৪. সহকারী পরিচালক (প্রশিক্ষণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৯/১২/২১

(খঃ মাহবুবুল হক)
অতিরিক্ত মহাপরিচালক
ও
সদস্য সচিব
জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটি
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
ফোন: ০২৪৭-১১০৪১০
ই মেইল-kmahbubh252@yahoo.com

২৯/১২/২০২১ খ্রি.তারিখে অনুষ্ঠেয় জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার উপস্থিতি

তারিখঃ ২৯/১২/২০২১ খ্রি. সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা স্থানঃ সম্মেলন কক্ষ (২৫ তলা), মৎস্য ভবন, ঢাকা

| ক্রমিক নং | সম্মানিত উপস্থিতির নাম | পদবী | কর্মস্থল | মোবাইল/ ইমেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১. | ড: মাহবুবুল হক | অতিরিক্ত মহাপরিচালক | DOF | 01712568959 | |
| ০২. | মোহাং আতিকুর রহমান | PSO (SEP) | DOF | 017115798[illegible] | |
| ০৩. | এ এস এম সাকিব উদ্দীন | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (FIQC) | মৎস্য অধিদপ্তর | ০১৭১২১১২৭৪৮ | |
| ০৪. | মোঃ আতাউর রহমান খান | উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা) | মৎস্য অধিদপ্তর | ০১৭১২৮৪০৭১ | |
| ০৫. | সৈয়দ মো: আলমগীর | উপপরিচালক (প্রশাসন) | মৎস্য অধিদপ্তর | 01732508858 | |
| ০৬. | মো: জিয়া হায়দার চৌধুরী | প্রকল্প পরিচালক | DOF | 01711466152 | |
| ০৭. | মণিকা দাস | সহকারী পরিচালক | DOF | 01716603525 | |
| ০৮. | | | | | |
| ০৯. | | | | | |